শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

মুজিব

ফেব্রুয়ারী / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৪৭ তম মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ০৯ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | প্রকৌশল শাখার পক্ষ হতে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলীকে বক্তব্য প্রদানের সুযোগ দেওয়ার জন্য সম্মানিত সভাপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান যে, বহুল প্রতীক্ষিত কুশিয়ারা নদীর উপর শিকপুর ব্রীজ নির্মান কাজের দরপত্র ইতোমধ্য আহবান করা হয়েছে। উক্ত ব্রীজটি দৈর্ঘ্যে ৮৩৮.৪০ মিটার, প্রস্থে ৯.৮০ মিটার এবং দুই পার্শ্বে মোট ১১৬৫ মিটার সংযোগ সড়ক থাকবে। আগামী ৭ মার্চ ২০২৩ইং তারিখে দরপত্র গ্রহন করা হবে। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে মর্মে তিনি জানান।<br>তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কক্ষের দরজা এবং wash room এর Grill পুনস্থাপন করা জরুরি, যেখানে প্রায় ৮৫,০০০/- (পচাশি হাজার) টাকা ব্যয় হবে। এছাড়া মহোদয়ের আবাসিক ভবনে ইতোপূর্বে স্থাপিত সৌর বিদ্যুৎ প্যানেল সম্পূর্ন নষ্ট হয়ে যাওয়ায়, ভবনের নিরাপত্তার স্বার্থে উক্ত প্যানেলটি পুনস্থাপন জরুরী। যেখানে ৪৫,৮১০/- (পয়তাল্লিশ হাজার আটশত দশ) টাকা ব্যয় হবে।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের অডিটরিয়ামের মঞ্চের ৩টি টেবিল এবং অধিকাংশ চেয়ার প্রায় সম্পূর্ন ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এই ক্ষেত্রে একটি টি টেবিল সহ নুন্যতম ৪টি টেবিল ও ৬টি চেয়ার ক্রয় এবং বিদ্যমান চেয়ার সমূহ মেরামত করা যেতে পারে। যাহা আসবাবপত্র সংগ্রহ ও মেরামত খাতের অব্যয়িত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ক্রয় ও মেরামত কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।<br>তিনি আরো জানান যে উপজেলা পরিষদের ৪৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ি উপজেলা নির্বাহি অফিসারের বাসভবনে মশার উপদ্রব কমানোর | শিকপুর ফেরী ঘাটে কুশিয়ারা নদীর উপর গোলাপগঞ্জ তথা সিলেট বাসীর বহুল প্রতীক্ষিত ব্রীজ নির্মানের স্বপ্নকে বাস্তবে রুপ দেওয়ার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর তথা উপজেলা প্রকৌশলীকে পরিষদের পক্ষ থেকে প্রথমেই ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>অত:পর উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কক্ষের দরজা এবং wash room এর Grill পুনস্থাপন বাবদ ৮৫,০০০/- (পচাশি হাজার) টাকা এবং | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য গ্রীল ও নেট স্থাপন, ২টি জানালা কাঠের চেনেল তৈরীকরণ, দোতলায় টয়লটে একটি বেসিন স্থাপন ও টাইলস করণ এবং বাসভবনের আঙ্গীনায় Umbrella Shad নির্মাণের জন্য ১,৩৫,০০০/- (এক লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা অনুমোদন দেওয়া হয়। পরবর্তীতে Umbrella Shad এর সৌন্দর্য বৃদ্ধি সহ উপজেলা ইউটিডিসি ভবনের পূর্ব পার্শের ১টি পানির ট্যাংকি প্রতি স্থাপন ও প্রয়োজনীয় লাইন মেরামতের ব্যয় যুক্ত করে মোট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা অনুমোদন করা যেতে পারে। | আবাসিক ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল পুনস্থাপনের জন্য ৪৫,৮১০/- (পয়তাল্লিশ হাজার আটশত দশ) টাকা এবং উপজেলা পরিষদের অডিটরিয়ামে একটি টি টেবিল সহ নুন্যতম ৪টি টেবিল ও ৬টি চেয়ার ক্রয় এবং বিদ্যমান চেয়ার সমূহ মেরামতের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং ৪৩তম সভায় অনুমোদিত ১,৩৫,০০০/- (এক লক্ষ পয়ত্রিশ হাজার) টাকার পরিবর্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রস্তাবনা সমূহ জনগুরুত্বপূর্ন বিধায় উক্ত ব্যয় সমূহ সংশ্লিষ্ট স্ব স্ব খাত থেকে ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১২৪৪৮ জন, আন্তঃবিভাগে ভর্তি কৃত রোগী ৫২৮ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহন ৮৩ জন। ইপিআই টিকার হার ৯৮ ভাগ।সিজারিয়ান প্রসব সেবা ৪ জন। করোনা টিকা প্রদান ১ম ডোজ ৩৫১৫৪৪, ২য় ডোজ ২,৭০,৭৭১ ,৩য় ডোজ ৮১৬০২, ৪র্থ ডোজ ১৪১১। করোনা আক্রান্তের হার নাই। ল্যাব টেষ্টঃ ইসিজি এর সংখ্যা ৬২ জন, আরবিএস এর সংখ্যা ৫০০ জন, যক্ষা রোগের টেষ্টের সংখ্যা ৪০, যক্ষা রোগের এইচ আইভি টেষ্টের সংখ্যা নাই, করোনা রেট সেম্পল ৩৮জন। | স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জানুয়ারী/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৯৭২৩ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯২১৬, হার ৭৮.৭৬%। গর্ভকালীন সেবা ১১৬৩ জন, প্রসব সেবা ৫৩ জন, গর্ভোত্তর সেবা ২৫১ জন, শিশু সেবা ৯১০ জন, রোগী ৩৩১৯ জন, জীবিত জন্মের সংখ্যা ২২৮ জন, মৃত্যুর সংখ্যা ৮৯ জন, সর্বমোট গর্ভবতী ১৭০৩ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৩৫০ জন ।বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বোরো রোপন কার্যক্রম চলছে। আউশ এর আবাদ বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা করা হচ্ছে এবং বিভিন্ন মাঠে ক্লাস্টার আকারে চাষাবাদের পরিকল্পনা গ্রহন করা হচ্ছে। ইউনিয়নে খুচরা সার ডিলার নিয়োগে ও ডিলারশীপ বাতিলের ক্ষেত্রে ইউনিয়ন কমিটির দৃষ্টি আকর্ষন করা হয়। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা সেচ কমিটি বর্ণিত সমস্যাগুলোর সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মৎস্য বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর আওতায় এ পর্যন্ত ১৩১ জন চাষিকে মাছ চাষ বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান করা হয়। এনএটিপি-২ প্রকল্পের আওতায় সিআইজি সমিতিভুক্ত চাষিদের মধ্যে ৮ টি প্রদর্শনী স্থাপন করা হয়।মৎস্য খাদ্য পরীক্ষার জন্য ১ টি নমুনা ঢাকায় প্রেরন করা হয়। প্রতি বছরের ন্যায় এই বছরেও জাতীয় মৎস্য পদক ২০২৩ প্রদান করা হবে। এছাড়াও চলতি মাসে ১০ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়।সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও অন্যান্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | আলোচ্য বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ১৯৯৮১ ,হাঁস মুরগীর চিকিৎসা ১১৮২২, কৃত্রিম প্রজনন ১২২। গবাদি পশুর টিকা প্রদান ২২৬৪, হাঁস মুরগীর টিকা প্রদান ২১৪০০, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ৬ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেক্সিনেশন ক্যাম্পেইন ০৪ টি । | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন রক্ষনাবেক্ষন (টি,আর) সাধারন ২য় পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে। ১ম পর্যায়ের অনুমোদিত প্রকল্পের কাজ চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন রক্ষনাবেক্ষন (টি আর) সাধারন ১ম ও ২য় পর্যায়ের কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সরকার কতৃক প্যানেলের মাধ্যমে নিয়োগকৃত ৩২ জন সহকারী শিক্ষক (প্রাক প্রাথমিক)পদায়নকৃত বিদ্যালয়ে ২২/১/২৩ ইং যোগদান করেছেন।যোগদান করায় বিদ্যালয়ে জনবল বৃদ্ধি পেয়েছে। শিক্ষার মান উন্নয়নে সহায়ক হবে।আন্তঃ প্রাঃ বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩ অত্র উপজেলা পর্যায়ে সরকারী নীতিমালা অনুযায়ী আগামী ১৪ ও ১৫ ফেব্রুয়ারী/২৩ তারিখে অনুষ্ঠিত হবে।এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করা যাচ্ছে। | নব যোগদানকৃত প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের শিক্ষার মান উন্নয়নে অগ্রণী ভূমিকা পালনের ব্যাপারে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান, চাওর আওতায় উপকেন্দ্র পানি সরবরাহ স্যানিটেশন ও ভার্টিক্যাল প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় সুপেয় পানি [illegible] নলকূপ, পানি পরিশোধনাগার, পাম্প হাউস ও ওভারহেড ট্যাংক নির্মাণের জন্য জমি (দাগ নং ও খতিয়ান নং এবং [illegible] নম্বর) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | চাওর আওতায় উপকেন্দ্র পানি সরবরাহ স্যানিটেশন ও ভার্টিক্যাল প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরের ২য় কিস্তির ( অক্টোবর-ডিসেম্বর) টাকা সকল উপকারভোগীর একাউন্টে প্রেরণ করা হয়েছে। আগামী তৃতীয় কিস্তির (জানুয়ারী- মার্চ) টাকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ইউপি পর্যায়ে তালিকা যাচাই বাছাই, প্রতিস্থাপন ও কোন একাউন্ট সংশোধনের প্রয়োজন হলে দ্রুত সেগুলোসহ নির্ভুল তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ভাতাভোগীর টাকা সঠিক মোবাইল একাউন্টে প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ইতোমধ্যে ২ ব্যাচে ৬০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাকী ৫ ব্যাচ বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে করা হবে। উল্লেখ্য যে, আশ্রয়ন প্রকল্প বাজেট পাওয়ার সাথে সাথে প্রশিক্ষণ শুরু করা হবে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় বাধ্যতামূলকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ৪ টি আশ্রয়ন প্রকল্পে ( [illegible], [illegible], নূরনগর ও [illegible] আশ্রয়ন প্রকল্প) ৪ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। বিআরডিবি প্রকল্পের আওতায় বিগত মাসে ১০ জনকে দুই মাস ব্যাপী আইজিএ ভিত্তিক দিবসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া সমিতির অডিট ও পরিদর্শন কার্যক্রম চলমান আছে। | অন্যান্য আশ্রয়ণ প্রকল্পেও সমবায় সমিতি গঠনের পদক্ষেপ গ্রহণের বিষয়ে উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, ধান সংগ্রহ ২৪.০০০ মে.টন। মার্চ/২৩ থেকে খাদ্য বান্ধব কর্মসূচী শুরু হবে। ওএমএস কার্যক্রম ফেব্রুয়ারী/২৩ পর্যন্ত চলবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে মনিটরিংয়ের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিডব্লিউবি ২০২৩-২৪ কার্ড লেখা ও ভাতাভোগী মহিলাদের সঞ্চয় জমাকরনের ব্যাংক হিসাব খোলার কাজ চলমান । ইতিমধ্যে খাদ্যশষ্য বরাদ্দ পত্র পাওয়া গেছে। ফেব্রুয়ারী মাসেই জানুয়ারী মাস সহ ডিও ছাড় করা হবে, তবে ভিন্ন ভিন্ন তারিখে বিতরন করতে হবে। নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করার জন্য ভাতাভোগীদের ব্যাংক হিসাব খোলার কাজ এবং কার্ড লেখার কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সম্মানীত ইউনিয়ন চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ১১ টি ইউনিয়নের এবং একই সাথে গোলাপগঞ্জ পৌরসভার ভাতাভোগী নির্বাচনের লক্ষে আবেদন এন্ট্রি কাজ চলমান। বর্তমানে জুলাই/২২ হতে মাসিক বরাদ্দ বিভাজন অনুযায়ী আবেদন এন্ট্রি করা হচ্ছে। | প্রত্যেক বিভাগীয় কার্যক্রমের নির্ধারিত পরিপত্র ও নির্দেশনা মোতাবেক কাজ সম্পন্ন করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, সকল প্রতিষ্টান/দপ্তরকে বকেয়া বিদ্যুৎ বিল প্রদানের জন্য অনুরোধ করেন। ট্রান্সফর্মার চুরি রোধ কল্পে গণ সচেতনতা তৈরির জন্য সকলকে অনুরোধ করা হয়। | বকেয়া বিদ্যুৎবিল পরিশোধ করার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে পদক্ষেপ গ্রহন করার জন্য বলা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋন বিতরন ৮৩.৮৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৭২.০৬ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ০৪.৭৮ লক্ষ টাকা বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিবিধ | | ক) ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় ঢাকাদক্ষিন ইউনিয়নের কাকেশ্বরী নদীতে খাল খননের বিষয়ে আলোচনা করেন এবং ভাদেশ্বর ইউপি চেয়ারম্যান সভায় গোলাপগঞ্জ উপজেলায় বিভিন্ন খাল খননের বিষয়ে বিএডিসি সেচ এর বিভিন্ন সমন্বয়হীনতা দেখা যাচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।<br>খ) ভাদেশ্বর উপস্বাস্থ্য কেন্দ্রে ঝুকিপূর্ণ গাছ অপসারনের জন্য ও ফুলবাড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ২ টি ঝুকিপূর্ন মৃত গাছ দ্রুত অপসারনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।যে কোন সময় কালবৈশাখী ঝড়ে গাছ গুলো ভেঙ্গে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।<br>গ) মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে | ক) কাকেশ্বরী নদীতে খাল খননের বিষয়ে বিএডিসি সেচকে সরেজমিন অনুসন্ধানপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য এবং গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ প্রকৌশলী সেচ /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী |

[signature]

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২৫,০০০/- এবংউপজেলা পরিষদ কমপ্লেক্সে ঝোপঝাড় ও ময়লা আবর্জনা থাকায় জরুরী ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য ১০,০০০/- ব্যয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>ঘ)সভায় ভাদেশ্বর ইউপি চেয়ারম্যান জানান, ভাদেশ্বর দক্ষিনভাগ গ্রামের কতিপয় ভূমিখোর লোক অত্র ইউনিয়নের অতি প্রাচিনতম খেলার মাঠ যাহা ত্রিগাংগা মাঠ নামে পরিচিত। সেই মাঠটি কতিপয় কুচক্রীমহল দখল করে ঘর বাড়ি বানানোর চেষ্টা করতেছে যাহা অত্র গ্রামবাসীর অভিযোগের মাধ্যমে জানা যায়। ইউপি চেয়ারম্যান সভায় উক্ত মাঠটি উদ্ধারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের প্রস্তাব করেন। | খাল খননের বিষয়ে বিএডিসি সেচকে আরও সক্রিয় করার এবং পরবর্তী সমন্বয় সভায় বিএডিসির একজন প্রতিনিধি উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ভাদেশ্বর উপস্বাস্থ্য কেন্দ্র ও ফুলবাড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র দুটিতে ঝুকিপূর্ন গাছ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ২৫,০০০/- এবংউপজেলা পরিষদ কমপ্লেক্সে ঝোপঝাড় ও ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ১০,০০০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়। | অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>গ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঘ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | জনাব ফাহিমা বেগম , মালী ও জনাব আব্দুল সোবহান, পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর/২২ মাসের মজুরী বাবদ (১১,০০০/-+১১,০০০/-) চেক প্রদান চেক নং ৫৭৯১০১৪-১৫ তাং ১/১/২৩।বাদেপাশা ইউপি শান্তিরবাজার ব্রীজের ক্ষতিগ্রস্থ এপ্রোচ মেরামত বিল জনাব বিলাল আহমদ এর অনুকুলে ৫৫,২৭১/-চেক প্রদান চেক নং৫৭৯১০১৮ তাং ২/১/২৩। কামাল উদ্দিন এর অনুকুলে চেক প্রদান শিং পুর জরুরী বাধ নির্মান বাবদ ৬৮,৪১৯/- চেক নং৫৭৯১০২৩ তাং১২/০১/২৩।লক্ষনাবন্দ ইউপি দক্ষিনভাগ ফুলতলা সিরাজ মিয়ার পাইপ কালভার্ট স্থাপন বাবদ জনাব কফিন উদ্দিন এর | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অনুকূলে৯৩,৭৫৮/-টেকা প্রদান চেক নং৭৭৯৬০৫৬ তাং১/১/২৩।সাজিদের ফ্লাশের বিল বাবদ জমাল রাজন শাহের অনুকূলে ১৮৭৬৫/- টেকা প্রদান চেক নং৭৭৯৬০২৭ তাং১৩/১/২৩।মাইকিং চেয়ারম্যান বাড় বিল বাবদ জমাল রাজন শাহের অনুকূলে ১৭৫৬৫/-টেকা প্রদান চেক নং৭৭৯৬০৩৬ তাং২৩/০১/২৩।পানির পাম্প রক্ষণাবেক্ষণ ও মেরামত বাবদ জমাল রাজন শাহের অনুকূলে ১৪,৬৫০/-টেকা প্রদান চেক নং৭৭৯৬০৩৯ তাং১৩/২/২৩।বোগনাড় পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ জমাল রাজন শাহের অনুকূলে ১৪,৪৫০/- টেকা প্রদান চেক নং ৭৭৯৬০৪০ তাং২৩/২/২৩। | সংশ্লিষ্ট/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন খাতের ব্যয়ভার করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। নিয়মিতভাবে সুপরিকল্পিত অংশগ্রহণকারী করা, সেবাদানকারী হিসাবে গড়ে তোলা এবং দেশের লোক যেন লোক একটি বাস্তব পাচ্ছে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এমনভাবে সকলের সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে বিভাগের ভিত্তিতে মাসিক প্রতিবেদন এবং বাস্তবায়িত প্রকল্পের নিমিত্ত উন্নয়ন কর্মকাণ্ডের তালিকা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য অনলাইনভিত্তিক ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং:-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১৭১ তারিখঃ ০৯/০৩/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা---------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাস্টার ফাইল।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | | |
| ০৬ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | | |
| ০৮ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | | |
| ০৯ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নংবাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | | |
| ১৯ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র | - | স্বাক্ষরিত |
| ২৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | |
| ৩১ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | | |
| ৩২ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০২ | চেয়ারম্যান, ১১ নংশরীফগঞ্জ ইউপি | |
| ০৩ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | |
| ০৪ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | |
| ০৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |
| ০৬ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | |
| ০৭ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | |

CS CamScanner